সংবাদ

তারিখ ... 17 JUL 2009...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২...

# জাবিতে ১৫টি গুরুত্বপূর্ণ পদের কার্যক্রম চলে ভারপ্রাপ্তদের দিয়ে

মামুন আল আমীন, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসনের ১৫টি গুরুত্বপূর্ণ পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এ পদগুলো ভারপ্রাপ্ত কর্মকর্তাদের দিয়ে কাজ করানোর ফলে প্রশাসনিক কার্যক্রম অনেকটা স্থবির হয়ে পড়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে বিএনপি-জামায়াত জোট প্রশাসনের অতিরিক্ত রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক পালন করছেন। একই সঙ্গে তিনি সিনেট ও সিন্ডিকেট সচিব হিসেবেও দায়িত্ব পালন করছেন। অর্থ কমিটির ভারপ্রাপ্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন মোতাহার হোসেন। তিনি ভারপ্রাপ্ত কন্ট্রোলারের দায়িত্বেও রয়েছেন। ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রকের দায়িত্বে রয়েছেন প্রফেসর ড. নূরুল আলম। গ্রন্থাগারের ভারপ্রাপ্ত শিক্ষকের দায়িত্ব দেয়া হয়েছে অধ্যাপক মেসবাহ-উস সালেহীনকে। জাহানারা ইমাম হল, মওলানা ভাসানী হল এবং মীর মশাররফ হোসেন হলের ভারপ্রাপ্ত প্রভোস্টের দায়িত্ব পালন করছেন যথাক্রমে অধ্যাপক তপন কুমার, খবির উদ্দিন এবং এমদাদুল হক। এছাড়া শারীরিক শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক হিসেবে নিয়োজিত আবদুর রাজ্জাক, বিজ্ঞান কারখানার ভারপ্রাপ্ত পরিচালক বিশ্ববিদ্যালয়ের জামায়াতপন্থী শিক্ষক হিসেবে পরিচিত প্রফেসর ড. এসএম আজহারুল ইসলাম; পরিবহন অফিসের ভারপ্রাপ্ত পরিচালক শাহেদুর রশিদ, বিএনসিসি'র ভারপ্রাপ্ত শিক্ষক প্রফেসর ড. আলী আহমেদ হাওলাদার; কম্পিউটার ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত পরিচালক ড. মাহমুদ গনি আহমেদ।

স্থায়ী নিয়োগপ্রাপ্তকে ভারপ্রাপ্ত কর্মকর্তাদের চেয়ে বেশি বেতন দিতে হবে বলে এসব পদে স্থায়ী লোক নিয়োগ দেয়া হচ্ছে না বলে জানা গেছে।

এ বিষয়ে অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবু মুহম্মদ জানান, উপযুক্ত লোক থাকা সত্ত্বেও ভারপ্রাপ্ত জনশক্তি দিয়ে প্রশাসন চালানো উচিত নয়। এটি বিশ্ববিদ্যালয় প্রশাসনের জন্য ক্ষতিকর বলেও তিনি মন্তব্য করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবির জানান, ভারপ্রাপ্তদের সরিয়ে প্রশাসনের সব পর্যায়ে ধীরে ধীরে স্থায়ী লোক নিয়োগ করা হবে।